# দুর্গাপুর উপজেলা পরিষদের ৫৫-তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মো: নজরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দুর্গাপুর, রাজশাহী।

সভার তারিখ : ২৫/১০/২০২৩ খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট '' ক '' দ্রষ্টব্য।

সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''খ'' দ্রষ্টব্য।

সভাপতি উপজেলা পরিষদের ৫৫-তম মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অনুষ্ঠিত গত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পঠিত কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী দপ্তর (স্থানীয় সরকার অধিদপ্তর) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দুর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে ০২ টি ও এডিপি থোক বরাদ্দ হতে ১২ টিসহ মোট ১৪ টি প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের কাজ চলছে। এছাড়া এডিপি থোক বরাদ্দ হতে ০৮ টি প্রকল্প টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া চলমান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে এডিপি প্রকল্পের কাজ সুষ্ঠু ও মানসম্মতভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে পরিচ্ছন্নতা কর্মী, ওয়ার্ড বয় ও আয়া না থাকার কারণে কিছু সমস্যা হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে গত সেপ্টেম্বর/২৩ মাসে বহি:বিভাগে ১৪৩৪৪ জন, অন্তর্বিভাগে ১০৭৩ জন ও জরুরী বিভাগে ১১০৪ জন রোগীর চিকিৎসা প্রদান করা হয়। তাছাড়া নরমাল ডেলিভারীর সংখ্যা ১৬ জন। সিজারিয়ান অপারেশন ০৫ জন। জরায়ু মুখের ক্যান্সার স্ক্রিনিং করা হয়েছে ১৫০ জনের। এছাড়াও অনেক ছোট অপারেশন স্বাস্থ্য কমপ্লেক্স থেকে করা হয়। হাসপাতালের জন্য General Anesthesia Workstation স্থাপনের নিমিত্ত অর্থ বরাদ্দ প্রদান করায় তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৪র্থ শ্রেণির কর্মচারি নিয়োগ প্রদানের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দুর্গাপুর, রাজশাহী সভায় জানান যে,<br>০১। আমন ধান কর্তন শুরু হয়েছে। আগামী নভেম্বরের ১৫ তারিখের মধ্যে আমন ধান কর্তন শেষ হবে।<br>০২। এ উপজেলায় সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। তবে রাসায়নিক সারের পাশাপাশি জৈব সারের ব্যবহার বাড়াতে হবে।<br>০৩। তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য বিভিন্ন ইউনিয়ন পর্যায়ে কৃষকদের নিয়ে গ্রুপ মিটিং/উঠান বৈঠকের মাধ্যমে উদ্বুদ্ধ করার কাজ চলমান।<br>০৪। দুর্গাপুর উপজেলায় প্রথমবারের মতো স্থাপিত হয়েছে একটি পলিনেট হাউজ, সেখানে সবল ও মানসম্মত চারা পাওয়া যাচ্ছে।<br>০৫। রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় গম, ভুট্টা, সরিষা, সূর্যমূখী, পেঁয়াজ, মসুর, খেসারি ফসল চাষের জন্য ২৯৪০ জন কৃষকের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।<br>০৬। মিষ্টি আলু চাষ করে সারা বছরব্যাপী মিষ্টি আলুর পাতা খাওয়া যায়।<br>০৭। বিভাগীয় সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, দুর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, আগামী ১৫/১১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত টিআর ও কাবিখা প্রকল্প বাস্তবায়নের সময় বৃদ্ধি করা হয়েছে। নিদিষ্ট সময়সীমার মধ্যে প্রকল্পের কাজ শেষ করার জন্য অতি দ্রুত প্রকল্প বাস্তবায়ন কমিটি, কাজের পূর্বের ছবি ও স্ট্যাম্প উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। দ্রুত প্রকল্প তালিকা পাওয়া না গেলে নির্ধারিত সময়ে কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে না। দপ্তরের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | দ্রুত টিআর ও কাবিখা প্রকল্প তালিকা, প্রকল্প কমিটি ও কাজের পূর্বের ছবিসহ রেজুলেশন উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, বর্তমানে গবাদিপশুর এলএসডি রোগের প্রকোপ কমেছে। এলডিডিপি প্রকল্পের আওতায় ৬০ জন সুফলভোগীদের মধ্যে জলবায়ু সহনীয় মুরগির ঘর দেওয়া হয়েছে। এ উপজেলায় গত ৩০/০৯/২০২৩ হতে ১২/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৯০ হাজার ছাগল ও ভেড়ার পিপিআর টিকা প্রদান করা হয়েছে। যাতে এই রোগ নির্মূল করা সম্ভব হয়। প্রাণিসম্পদ দপ্তরের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৬ | উপজেলা মৎস বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, ইলিশের প্রধান প্রজনন মৌসুম ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ চলমান রয়েছে। সরকার ঘোষিত এই ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ ও ক্রয়-বিক্রয় এবং বিনিময় সম্পূর্ন নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে মৎস্য বিভাগ উপজেলার হাট-বাজার ও আড়ৎ মনিটরিং করছে। এ বছর বর্ষার শেষের দিকে অতিবৃষ্টির কারণে প্রায় ৪১ টি পুকুর ভেসে গেছে যার ফলে মৎস্যচাষীদের প্রায় ১.৫ কোটি টাকার ক্ষতি হয়েছে।<br>চলতি মাসে নারিকেলবাড়িয়া ও দেবীপুর আশ্রয়ণের পুকুর পরিদর্শন করা হয়েছে। তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ ও ক্রয়-বিক্রয় এবং বিনিময় বন্ধে মাছ আড়ৎ ও হাট-বাজার মনিটরিং জোরদার করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, দূর্গাপুর, রাজশাহী সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য পাওয়া যায়নি। | আগামী সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বর্তমানে শারদীয় দূর্গাপূজার ছুটি চলছে। আগামী ২৯ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ বিদ্যালয়সমূহ খুলবে। খোলার পর নভেম্বর মাসের মধ্যেই বার্ষিক সামষ্টিক মূল্যায়ন শেষ করার নির্দেশনা রয়েছে। নতুন কারিকুলামের মূল্যায়ন নতুন পদ্ধতিতে হবে। এ বিষয়ে এমাসের মধ্যেই মূল্যায়ন নির্দেশনা ও পদ্ধতি সর্ম্পকে জানা যাবে। আগামী বছর থেকে সকল শ্রেণিতে নতুন কারিকুলাম চালু হবে। তবে সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, নতুন কারিকুলাম এর বিষয়ে অভিভাবকদের মাঝে অসন্তুষ্টি রয়েছে। কর্তৃপক্ষ আশা করে যে, নতুন কারিকুলাম সর্ম্পকে অভিভাবকেরা ভালভাবে বুঝতে পারলে এ অসন্তুষ্টি আর থাকবে না। এছাড়া দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | নতুন কারিকুলাম সর্ম্পকে শিক্ষার্থীর পাশাপাশি অভিভাবকদের ভালভাবে বুঝানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ আয়োজন করার নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে,<br>➢ সমাজসেবা অধিদপ্তর হতে ডিজিটাল জন্ম নিবন্ধন/মৃত্যু নিবন্ধন ব্যতীত ভাতাভোগীদের ভাতা স্থানান্তর করা হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>➢ ভাতার মোবাইল নম্বর হ্যাকিং হলে দ্রুত পিনকোড পরিবর্তন করতে হবে।<br>➢ বয়সজনিত কারণে ০৫ জন মাতৃকেন্দ্রের সম্পাদিকা পরিবর্তন করা হয়।<br>➢ তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে | ভাতাভোগীদের মোবাইল হ্যাকিং রোধে সকল ভাতভোগীদের সচেতন করার জন্য সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | ইউপি চেয়ারম্যান সকল ও উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে,<br>০১। ০৫ টি ক্যাটাগরিতে জয়িতা নির্বাচন করে উপজেলা মহিলা বিষয়ক দপ্তরে প্রেরণ করার জন্য পৌর মেয়র ও সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>০২। দপ্তরের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, আগামী ০৪ নভেম্বর ২০২৩, শনিবার "সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ" এই প্রতিপাদ্য বিষয়ের উপর ভিত্তি করে ৫২তম জাতীয় সমবায় দিবস-২০২৩ উদ্‌যাপিত হবে। বাংলাদেশের সংবিধানের মালিকানার ২য় খাত সমবায়। উপস্থিত সকলকে উক্ত দিবসের সকল কর্মসূচিতে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। নারিকেলবাড়িয়া আশ্রয়ণ প্রকল্পের প্রকল্প ঋণ আদায় অক্টোবর' ২৩ মাসে =১,৩০০/- টাকা। আগস্ট মাসে ২৫ জনকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সমবায়ী প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য ০১ জনকে নওগাঁয় প্রেরণ করা হয়েছে। তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮২ টি সাব-মার্সিবুল পাম্প স্থাপণ কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে স্ট্রাকচারের কাজ চলমান। আবাসন প্রকল্পে (মুজিব বর্ষে) ৪১ টি সাব-মার্সিবুল এর মধ্যে ২৯ টির স্থাপন কাজ সম্পন্ন হয়েছে বর্তমানে স্ট্রাকচারের কাজ চলমান। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের মালামাল পাওয়া গেছে মালামালগুলো টেষ্টের পরে কাজ শুরু হবে। তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরের সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮২ টি সাব-মার্সিবুল পাম্প স্থাপন কাজ দ্রুত শুরু করার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বন বিভাগ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠু কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা, বনবিভাগ, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দূর্গাপুর, রাজশাহী সভায় উপজেলা খাদ্য গুদামের মজুদ পরিস্থিতি সভায় উপস্থাপন করেন।<br>চাল: ফলিত বোরো/২৩ =৯৯.৫৩৩ মেঃ টন; চলতি বোরো প্রাপ্তি/২৩ =২৭৯.৬৬৮ মেঃ টন; চলতি বোরো সংগ্রহ/২৩ =১২০.৯৬০ মেঃ টন; আমদানীকৃত = ০০; আমন প্রাপ্তি = ৭৫.২৫৫ মেঃ টন; সর্বমোট চাল = ৫৭৫.৪১৬ মেঃ টন<br>ধান: মজুত নাই<br>লাল গম: মোট = ৩৫.৮৬৪ মেঃ টন<br>খালি বস্তা: ৫০ কেজি ধারণ ক্ষমতা = ৮,৪৩০ টি; ৩০ কেজি ধারণ ক্ষমতা = ১০,৫৪৭ টি; মোট = ১৮,৯৭৭ টি<br>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠ কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, ইরি/বোরো মৌসুমে উন্নতমানের ধান বীজ বিক্রয়ের জন্য বরাদ্দ পাওয়া গেছে। কৃষকদের এ বিষয় সর্ম্পকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। সেচ কাজের জন্য গভীর নলকূপগুলি চালু রাখা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সন্তোজনকভাবে চলছে। | সুষ্ঠ কাজের ধারা অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী (বরেন্দ্র), দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) |
| ১৯ | রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, সভায় জানান যে,<br>০১। নতুন বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে রুফটপ সোলার স্থাপনের বাধ্যবাধকতা থাকছে না। ১০ কে.ডাব্লিউ লোডের নিচে সকল গ্রাহক বিদ্যুৎ সংযোগ রুফটপ সোলার স্থাপন ছাড়াই নিতে পারবে।<br>০২। সন্ধ্যায় পিক আওয়ারে বিদ্যুৎ চাহিদা বেড়ে যাওয়ায় ফ্রিকোয়েন্সি কমে যায় যার ফলে Remote SCADA অপারেশ হয়, এতে সমগ্র এলাকা বিদ্যুৎ বিহীন হয়ে যায়। System Stabity 'র জন্য এই প্রক্রিয়া হয়ে থাকে, যাতে পল্লীবিদ্যুৎ সমিতির করণীয় কিছু থাকে না।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের তালিকা অনুযায়ী সকল ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। | সুষ্ঠ কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হলো। | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠ কাজের ধারা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | উপজেলা দারিদ্র বিমোচন অফিস | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সুষ্ঠ কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিষদ, দূর্গাপুর, রাজশাহী সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় দূর্গাপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ ও দূর্গাপুর ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ কাজের দরপত্রের মূল্যায়ন সম্পন্ন হয়েছে। মেসার্স রাজু এন্টারপ্রাইজকে সঠিক দরদাতা হিসাবে NOA প্রদান করা হয়েছে। কিছুদিনের মধ্যে চুক্তিসম্পাদনের মাধ্যমে ঠিকাদার কাজ শুরু করবে। | উপজেলা প্রকৌশলীকে চুক্তি সম্পাদনঅন্তে দ্রুত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |



2

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২৩ | উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় (শিক্ষা প্রকৌশল অধিদপ্তর) | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দুর্গাপুর, রাজশাহী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে মেরামত ও সংস্কার খাতে দুর্গাপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও দাওকান্দি সরকারি কলেজ এ ২০ লক্ষ টাকা করে বরাদ্দ পাওয়া যায়, যার দরপত্র প্রক্রিয়াধীন এবং সিংগা আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় এবং দুর্গাপুর কলেজের ভবনের সম্প্রসারণ কাজের প্রাক্কলন অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | শিক্ষা প্রতিষ্ঠান সমূহের মেরামত ও সংস্কার কাজ মানসম্মত ও গুনগতমান বজায় রেখে বাস্তবায়নের জন্য উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দুর্গাপুর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ২৪ | বিবিধ-১ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর মতামত | ০৫নং ঝালুকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, ঝালুকা ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনে কেজি স্কুল পরিচালিত হচ্ছে। উক্ত ভবন অত্যন্ত ঝুঁকিপূর্ণ যে কোন সময়ে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এছাড়া ইউনিয়ন পরিষদে ০১ টি গণ-শৌচাগার নির্মাণ প্রয়োজন।<br>০৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে,<br>০১। জয়নগর উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বসার জন্য বেঞ্চ সংকট রয়েছে পাশাপাশি ক্লাসরুমগুলো মেরামত প্রয়োজন।<br>০২। কানপাড়া বাজারের সাথে বাজুখলসি সরকারি প্রাথমিক বিদ্যালয় অবস্থিত তাই হাট-বারে অতিরিক্ত সাউন্ডের কারণে বাচ্চাদের লেখা পড়ার ক্ষতি হচ্ছে।<br>০৩। জয়নগর কমিনিউটি ক্লিনিকের জন্য প্রয়োজনীয় উপকরণ প্রয়োজন।<br>০৪। জয়নগর ইউনিয়নের অনেক রাস্তা সংস্কার করা প্রয়োজন। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক উপস্থাপিত বিভিন্ন সমস্যা ও দাবীর বিষয়গুলো সমাধানে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪ | বিবিধ-২ হাট বাজারের রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন প্রকল্প গ্রহন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, দূর্গাপুর উপজেলায় ছোট-বড় মোট ১২ টি হাট-বাজার রয়েছে। উক্ত হাট বাজার ইজারালব্দ ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের রক্ষণাবেক্ষণ/উন্নয়ন তহবিলে = ৫৯,৩৩,২০১/২২ (উনষাট লক্ষ তেত্রিশ হাজার দুইশত এক টাকা বাইশ পয়সা) জমা রয়েছে ও ১০% অর্থ সংশ্লিষ্ট উপজেলার অন্তর্গত অনুন্নত হাট বাজার সমূহের রক্ষণাবেক্ষণ/উন্নয়ন তহবিলে =৪২,৮৭,৪৮০/৪২ (বিয়াল্লিশ লক্ষ সাতাশি হাজার চারশত আশি টাকা বিয়াল্লিশ পয়সা) জমা রয়েছে। প্রায় ১৪ বছর হতে উক্ত অর্থ দ্বারা হাট বাজারের কোন উন্নয়নমূলক কাজ করা হয়নি। উক্ত অর্থ দ্বারা হাট বাজারের উন্নয়নের ক্ষেত্রে ড্রেনেজ, ছাউনি(শেড), স্যানিটেশন(ল্যাট্রিন/ইউরিনাল) টিউবওয়েল স্থাপন, হাট বাজারের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করা যাবে। সেজন্য গত মাসে সকল হাট-বাজারসমূহ পরিদর্শন করা হয় এবং গত ২৩/১০/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় (পরিশিষ্ঠ-গ)। উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য মাসিক সাধারণ সভায় প্রকল্পসমূহ ও প্রাক্কলন অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাট বাজার ইজারালব্দ ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের রক্ষণাবেক্ষণ/উন্নয়ন তহবিল হতে ৫২,৪৮,৪৬০/- (বাহান্ন লক্ষ আটচল্লিশ হাজার চারশত ষাট) টাকা ব্যয়ে ০৬ টি হাটের ০৭টি প্রকল্প ও প্রকল্পের প্রাক্কলন অনুমোদন দেওয়া হলো। ১০% অর্থ সংশ্লিষ্ট উপজেলার অন্তর্গত অনুন্নত হাট বাজার সমূহের রক্ষণাবেক্ষণ/উন্নয়ন তহবিল হতে ৩৬,৮১,৫২৫/- (ছত্রিশ লক্ষ একাশি হাজার পাঁচশত পঁচিশ) টাকা ব্যয়ে ০৯ টি হাটের ১১ টি প্রকল্প ও প্রাক্কলন সভায় অনুমোদন দেওয়া হলো (পরিশিষ্ঠ-গ)। এ প্রকল্প সমূহ সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কীত নীতিমালা ২০১১ এর আলোকে ও পিপিআর, ২০০৮ এর বিধান অনুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশল |

আলোচনায় আর বিশেষ কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

মোঃ নজরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দূর্গাপুর, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্গাপুর, রাজশাহী।

স্মারক নং- ০৫.৪৩.৮১৩১.০০১.০৮.০০১.২৩- ৮০

০৯ কার্তিক ১৪৩০ ব.
তারিখ : ---------------------
২৫ অক্টোবর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৬-রাজশাহী-৫ (দুর্গাপুর-পুঠিয়া) নির্বাচনী এলাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। জেলা প্রশাসক, রাজশাহী।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
০৭। মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, রাজশাহী।
০৮। উপজেলা ........................................................কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী।
০৯। চেয়ারম্যান, .................................................... (সকল) ইউ,পি,দুর্গাপুর, রাজশাহী।
১০। জনাব ........................................................ দুর্গাপুর, রাজশাহী।

২৫/১০/২৩

মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, রাজশাহী

২৫/১০/২৩

মাসিক সভা=৩ ৭

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট ''ক ''

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০৫ | মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দুর্গাপুর,রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ০৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১০ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী | স্বাক্ষরিত/ |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১৪ | উপজেলা সমবায় অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১৫ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১৮ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২১ | সহঃ প্রকৌশলী বরেন্দ্র, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২৩ | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি | স্বাক্ষরিত/ |
| ২৪ | উপজেলা বন কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২৫ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | স্বাক্ষরিত/ |
| ২৬ | সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২৮ | চেয়ারম্যান, নওপাড়া ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ২৯ | চেয়ারম্যান, কিসমতগণকৈড় ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ৩০ | চেয়ারম্যান, পানানগর ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ৩১ | চেয়ারম্যান, দেলুয়াবাড়ী ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ৩২ | চেয়ারম্যান, ঝালুকা ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ৩৩ | চেয়ারম্যান, মাড়িয়া ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |
| ৩৪ | চেয়ারম্যান, জয়নগর ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | স্বাক্ষরিত/ |

সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ''খ ''

| ক্রমিক নং | নাম ও পদবী | |
|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | অনুপস্থিত |

## হাট বাজার উন্নয়ন প্রকল্পসমূহ

### পরিশিষ্ট-গ

### ২০২৩-২০২৪ অর্থ বছর

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত বরাদ্দ | বাস্তবায়ন প্রক্রিয়া | খাত |
|---|---|---|---|---|
| ০১ | কানপাড়া হাটের শেড নির্মাণ | ২০৪৪১১০.০০ | টেন্ডার | ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের রক্ষণাবেক্ষণ/ উন্নয়ন তহবিল |
| ০২ | কালীগঞ্জ হাটের শেড নির্মাণ | ৮৬২১৭৫.০০ | কোটেশন | |
| ০৩ | গোপালপুর হাটের শেড নির্মাণ (পার্ট- ০১) | ৫১৫০০০.০০ | টেন্ডার | |
| ০৪ | দাওকান্দি হাটের শেড নির্মাণ (পার্ট- ০১) | ৮৬২১৭৫.০০ | টেন্ডার | |
| ০৫ | আলীপুর হাটে টয়লেট নির্মাণ | ২৯৫০০০.০০ | টেন্ডার | |
| ০৬ | আমগাছি হাটের শেড নির্মাণ (পার্ট- ০১) | ৪৭০০০০.০০ | টেন্ডার | |
| ০৭ | কানপাড়া হাটের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| | | ৫২৪৮৪৬০.০০ | | |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত বরাদ্দ | বাস্তবায়ন প্রক্রিয়া | খাত |
|---|---|---|---|---|
| ০১ | কানপাড়া হাটের অভ্যান্তরের সিসি রাস্তা নির্মাণ | ৬৮০০০০.০০ | টেন্ডার | ১০% অর্থ সংশ্লিষ্ট উপজেলার অনুন্নত হাটবাজারের রক্ষণাবেক্ষণ/ উন্নয়ন তহবিল |
| ০২ | দাওকান্দি হাটের শেড নির্মাণ (পার্ট- ০২) | ৮৬২১৭৫.০০ | কোটেশন | |
| ০৩ | গোপালপুর হাটের শেড নির্মাণ (পার্ট- ০১) | ৩৪৭১৭৫.০০ | টেন্ডার | |
| ০৪ | আমগাছি হাটের শেড নির্মাণ (পার্ট- ০১) | ৩৯২১৭৫.০০ | টেন্ডার | |
| ০৫ | কালীগঞ্জ হাটের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| ০৬ | দাওকান্দি হাটের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| ০৭ | আলীপুর হাটের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| ০৮ | গোপালপুর হাটে টয়লেট নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| ০৯ | আমগাছি হাটের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| ১০ | পাঁচুবাড়ী হাটের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| ১১ | শ্যামপুর হাটে টয়লেট নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি | |
| | | ৩৬৮১৫২৫.০০ | | |

# উপজেলা পরিষদের ৫৫ তম মাসিক সভার হাজিরা

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ (দূর্গাপুর-পুঠিয়া) | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দূর্গাপুর, রাজশাহী। | |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ০৪ | মেয়র, দূর্গাপুর পৌরসভা, দূর্গাপুর, রাজশাহী | |
| ০৫ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দূর্গাপুর, রাজশাহী। | |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দূর্গাপুর, রাজশাহী। | |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দূর্গাপুর,রাজশাহী। | |
| ০৮ | উপজেলা কৃষি অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ০৯ | উপজেলা প্রানি সম্পদ অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১১ | উপজেলা মৎস্য অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দূর্গাপুর, রাজশাহী | |
| ১৩ | উপজেলা শিক্ষা অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১৬ | উপজেলা সমবায় অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১৭ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দূর্গাপুর, রাজশাহী। | |

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ২০ | সহঃ প্রকৌশলী বরেন্দ্র, দুর্গাপুর, রাজশাহী। | |
| ২১ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, দুর্গাপুর, রাজশাহী। | |
| ২২ | উপজেলা সমাজ সেবা অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | |
| ২৩ | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি | |
| ২৪ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, দুর্গাপুর, রাজশাহী। | |
| ২৫ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দুর্গাপুর, রাজশাহী। | |
| ২৭ | উপজেলা বন কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী। | |
| ২৮ | চেয়ারম্যান, নওপাড়া ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | |
| ২৯ | চেয়ারম্যান, কিসমতগণকৈড় ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | |
| ৩০ | চেয়ারম্যান, পানানগর ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | |
| ৩১ | চেয়ারম্যান, দেলুয়াবাড়ী ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | |
| ৩২ | চেয়ারম্যান, ঝালুকা ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | |
| ৩৩ | চেয়ারম্যান, মাড়িয়া ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | |
| ৩৪ | চেয়ারম্যান, জয়নগর ইউ, পি, দুর্গাপুর, রাজশাহী। | |
| ৩৫ | উপজেলা দারিদ্য বিমোচন অফিসার, দুর্গাপুর, রাজশাহী। | |
| ৩৬ | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দুর্গাপুর। | 25/10/23 |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |